



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল, লালন শাহ হল, ড. এম. এ. রশিদ হল, রোকেয়া হল, অমর একুশে হল এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের জন্য সহকারী প্রভোস্ট (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে) নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আগ্রহী শিক্ষকগণকে আগামী ১৩/১০/২০২০ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ভাইস-চ্যান্সেলর মহোদয় বরাবর আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, স্মারক নং-খুপ্রবি/১৭৭৩/৩৪ তাৎ-১৭/১১/১৯ইং, স্মারক নং-খুপ্রবি/২৪২৪/৩৫ তাৎ-১৯/০১/২০২০ইং এবং স্মারক নং-খুপ্রবি/৩০৪৭/৩৫ তাৎ-১১/০৩/২০২০ইং বিজ্ঞপ্তি মোতাবেক ইতঃপূর্বে আবেদনকারী শিক্ষকগণের পুনরায় আবেদনপত্র দাখিল করার প্রয়োজন নাই।

শর্তসমূহঃ

- ১। সহকারী প্রভোস্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে কমপক্ষে স্থায়ী পদে (নিয়মিত) প্রভাষক হতে হবে।
- ২। প্রার্থীকে কমপক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে ০২ (দুই) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। সহকারী প্রভোস্ট পদে নিয়োগের ক্ষেত্রে ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া হবে। তবে ক্যাম্পাসে বসবাসরত আগ্রহী শিক্ষক না পাওয়া গেলে সে ক্ষেত্রে ক্যাম্পাসের বাইরে বসবাসরত শিক্ষকগণের মধ্য হতে নিয়োগ দেয়া হবে। এ ক্ষেত্রে সহকারী প্রভোস্টগণের মধ্যে কমপক্ষে একজনকে ক্যাম্পাসে বসবাস করতে হবে।
- ৪। পর পর ০২ (দুই) বার কোন শিক্ষক সহকারী প্রভোস্ট হতে পারবেন না।
- ৫। সহকারী প্রভোস্ট নিয়োগের ক্ষেত্রে কোন শিক্ষককে একাধিক ভাতা প্রাপ্ত পদে নিয়োগদান করা হবে না।
- ৬। ভাইস-চ্যান্সেলর মহোদয় প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন সময় সহকারী প্রভোস্ট নিয়োগ সংক্রান্ত নীতিমালা শিথিল করতে পারেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


২৬/১০/২০২০
রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/

তারিখ :

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। (তাঁর ইনস্টিটিউটের শিক্ষকগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (তাঁর বিভাগের শিক্ষকগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে উল্লেখিত তথ্য আপডেট করার জন্য নির্দেশ প্রদানের অনুরোধসহ)
- ৬। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৭। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংরক্ষণ নথি।


২৬/১০/২০২০
(রাগীব হোসেন)

সেকশন অফিসার (গ্রেড-২)